দৈনিক ইত্তেফাক

তারিখ ...2.3 OCT. 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

18

# পলিটেকনিক শিক্ষকদের কর্মবিরতি প্রত্যাহার

*বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গতকাল শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকারের সাথে ফলপ্রসূ আলোচনার প্রেক্ষিতে তাহাদের কর্মবিরতির কর্মসূচী প্রত্যাহার করিয়াছেন। সমিতির নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীকে তাহাদের সমস্যা* *(শেষ পৃঃ দ্রঃ)*

## পলিটেকনিক

*(প্রথম পৃঃ পর)*

*সম্পর্কে অবহিত করেন। নেতৃবৃন্দকে জানানো হয় যে, সরকার ইতোমধ্যেই প্রায় একশত জুনিয়র ইন্সট্রাক্টরকে ইন্সট্রাক্টর পদে পদোন্নতি দিয়াছে এবং বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারের নিয়োগ বিধি চূড়ান্ত করা হইয়াছে। তাহাদেরকে আরো জানানো হয় যে, কিছু শিক্ষককে চীফ ইন্সট্রাক্টর পদে পদোন্নতি দান, এডহক শিক্ষকদের চাকুরী নিয়মিতকরণ এবং পলিটেকনিক ইনষ্টিটিউটসমূহে দ্বিতীয় শিফটের জন্য শিক্ষকদেরকে সম্মানী প্রদানের পদক্ষেপ শীঘ্রই লওয়া হইবে। শিক্ষামন্ত্রী ছাত্রদেরকে অবিলম্বে বৃত্তির টাকা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, শিক্ষা সচিব শফিউল আলম, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক রফিকুল হক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ইউনুস মিয়া, বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির সভাপতি খন্দকার শাহাবুদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক শামসুর রহমান, সহ-সভাপতি আব্দুর রউফ ও আঃ রশীদ, সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী, ঢাকা পলিটেকনিক শাখার সভাপতি মোহাম্মদ আলী মিয়া ও পলিটেকনিক শিক্ষক সংগ্রাম কমিটির সদস্য-সচিব এ. জি. এম শাহাবুদ্দিন এ সময় উপস্থিত ছিলেন। -তথ্য বিবরণী*